



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০২.২০.৩২৭

তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রসঙ্গে।

সূত্র: জনাব তাহমিনা জেসমিন, প্রভাষক(ইংরেজি) এর ২৮/০৫/২০২০ খ্রি. তারিখের আবেদন;

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার আদর্শ ডিগ্রি কলেজের জনাব তাহমিনা জেসমিন, প্রভাষক-ইংরেজি(ইনডেক্স :৩৭৯৪২৫) সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য আবেদন করেন। তার আবেদনে জানান যে, প্রতিষ্ঠান থেকে অনলাইনে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির স্কেল মঞ্জুর করার জন্য আবেদন করা হলে শিক্ষক-কর্মচারীর তালিকায় স্বাক্ষর না থাকায় অঞ্চল থেকে আবেদন রিজেক্ট করেন দেয়া হয়। পরবর্তীতে প্রতিষ্ঠান থেকে শিক্ষক-কর্মচারীদের স্বাক্ষরিত তালিকা দাখিল করা হলে আবার প্রত্যয়ন পত্রে স্মারক নম্বর না থাকায় পুনরায় অঞ্চল থেকে আবেদন রিজেক্ট করেন দেয়া। একাধিকবার আবেদন রিজেক্ট করতে করতে গত ০২/০৬/২০২০ তারিখে ৬০ বছর পূর্তিতে সহকারী অধ্যাপকের স্কেল ছাড়াই তিনি অবসর গ্রহণ করেন। তিনি প্রাপ্যতার তারিখ থেকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্কেল মঞ্জুরের জন্য আবেদন করেন।

আবেদনটি নিষ্পত্তির জন্য নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন

- (১) জনাব তাহমিনা জেসমিন, প্রভাষক(ইংরেজি) সহকারী অধ্যাপক পদে পদোন্নতির রেজুলেশন;
- (২) সহকারী অধ্যাপক পদের স্কেল মঞ্জুরের জন্য অনলাইনে আবেদন দাখিলের প্রমানপত্র;
- (৩) অঞ্চল থেকে ১ম আপত্তির প্রমানপত্র;
- (৪) আপত্তির জবাব দাখিলের প্রমানপত্র;
- (৫) সর্বশেষ আবেদন রিজেক্ট করার প্রমানপত্র;

এমতাবস্থায়, উপরোক্ত তথ্যাদি দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-৯-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

অধ্যক্ষ, আদর্শ ডিগ্রি কলেজ, পবা, রাজশাহী।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০২.২০.৩২৭/১(২)

তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, আদর্শ ডিগ্রি কলেজ, পবা, রাজশাহী;
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;

১৬-৯-২০২০
মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক